

মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

‘দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন’ বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দেশ্যে অদ্য ২১/০৬/২০২১ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার ‘দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন’ বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. PRAP বাস্তবায়নে অত্র পৌরসভার ০৬ টি বস্তিতে বাস্তবায়নাধীন ভৌত অবকাঠামো উন্নয়নের অগ্রগতি নিয়ে আলোচনা।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০৫/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে অত্র পৌরসভার ০৬ টি বস্তিতে বাস্তবায়নাধীন ভৌত অবকাঠামো উন্নয়নের অগ্রগতি নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নে অত্র পৌরসভায় ০৬টি বস্তিতে উন্নয়নের কাজ চলমান রয়েছে। তিনি এই কাজের সর্বশেষ অবস্থা জানানোর জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, ৬টি বস্তিতেই বস্তি উন্নয়নের কাজ চলছে। ইতি মধ্যে ৬টি বস্তিতে ফুটপাথ, ড্রেন, সোলার স্ট্রিট লাইট, গভির নলকূপ নির্মাণ শেষ হয়েছে এবং ৭৫টি পায়খানার কাজ ৮০% সম্পন্ন হয়েছে। ২য় কিস্তির অর্থ শেষ হওয়ায় কাজ বন্ধ রয়েছে। ইতি মধ্যে ২য় কিস্তির বিল/ভাউচার এবং এমবি প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। সেই সাথে ৩য় কিস্তির অর্থ ছাড়করণের পত্র প্রেরণ করা হয়েছে। আশা করা যায় খুব শিঘ্রই অর্থ পাওয়া যাবে এবং বাকি	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	<p>কাজ শুরু হবে। তিনি এ বিষয়ে মেয়র মহোদয়ের সহযোগিতা কামনা করেন।</p> <p>মেয়র মহোদয় সভায় বলেন, করোনা কারণে কাজ কিছুটা দেরীতে হলেও ৩য় কিস্তির অর্থ প্রাপ্তির পরপরই কাজ শুরু করতে হবে। ৩য় কিস্তির অর্থ পেলেই অতি দ্রুত কাজ শুরু করে ২/১ মাসের মধ্যেই সমস্ত কাজ শেষ করতে হবে। তিনি কমিটির সকলকেই এই ব্যাপারে সতর্ক থাকার নির্দেশ দেন।</p>	
বিবিধ	<p>জনাব আবু হেনা মোস্তফা কামাল সহঃ প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা সভায় বলেন, বস্তি উন্নয়নের কাজ খুবই স্পর্শকাতর একটি কাজ। যেহেতু একটি কমিটির মাধ্যমে এই কাজ সম্পাদন হচ্ছে, সেহেতু সকলকে এই কাজের ব্যাপারে সজাগ থাকতে হবে এবং কাজের গুণগত মান ভালো হয় সেদিকে অবশ্যই নজর দিতে হবে। কাজ করতে টেকনিক্যাল কোন সমস্যা হলে অবশ্যই যেন পৌরসভার প্রকৌশলীদের জানানো হয়। এ ব্যাপারে মেয়র মহোদয় সভায় বলেন, কাজের একজন উপসহঃ প্রকৌশলী নিয়োজিত আছেন এবং তিনি টেকনিক্যাল সব কিছু দেখভাল করবেন। সেই সাথে তিনি সহকারী প্রকৌশলী মহোদয়কে অনুরোধ করেন যাতে নিয়মিত বস্তির কাজের সাইড পরিদর্শন করা হয়। এছাড়া তিনি নিজেও এই কাজ পরিদর্শন করছেন এবং সকলকে নিয়মিত পরিদর্শনের জন্য অনুরোধ করেন। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।</p>	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ আলপনা খাতুন)

কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত)

ও সভাপতি

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি,

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ




সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২১/০৬/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, (সংরক্ষিত) মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, (সংরক্ষিত) মেহেরপুর পৌরসভা	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব আবু হেনা মোস্তফা কামাল	সহকারী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	হোসনে আরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	মাসুদ শেখ
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	20/06/21 21/06/21
৯			
১০			